



২০ আগস্ট ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

মিনিকে কেন জামিন দেওয়া হবে না জানতে চেয়ে হাইকোর্টের রুল জারি

বহুল আলোচিত বরগুনার রিফাত শরীফ হত্যা মামলায় তার স্ত্রী আয়েশা সিদ্দিকা মিনিকে কেন জামিন দেওয়া হবে না, তা জানতে চেয়ে এক সপ্তাহের রুল জারি করেছেন হাইকোর্ট। একইসঙ্গে মামলার তদন্ত কর্মকর্তাকে সিডি নিয়ে আগামী ২৮ আগস্ট ২০১৯ হাইকোর্টে হাজির হতে বলা হয়েছে। এছাড়া মিনির সংশ্লিষ্টতার বিষয় জানিয়ে করা সংবাদ সম্মেলনের বিষয়ে পুলিশ সুপারকে লিখিত ব্যাখ্যা দিতে বলা হয়েছে।

মঙ্গলবার (২০ আগস্ট ২০১৯) বিচারপতি এম ইনায়েতুর রহিম ও বিচারপতি মো. মোস্তাফিজুর রহমানের হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন সুপ্রিম কোর্ট বারের সভাপতি আইনজীবী এএম আমিন উদ্দিন, আইনজীবী জেডআই খান পান্না।

উল্লেখ্য যে, গত ২৬ জুন ২০১৯ বরগুনা সরকারি কলেজের সামনে সন্ত্রাসীরা প্রকাশ্যে কুপিয়ে গুরুতর আহত করে রিফাত শরীফকে। গুরুতর আহত রিফাতকে ওইদিন বরিশাল শের-ই-বাংলা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে বিকালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। এ হত্যার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লে দেশব্যাপী তোলপাড় শুরু হয়। এ ঘটনায় রিফাতের বাবা দুলাল শরীফ বাদী হয়ে ১২ জনের নাম উল্লেখ ও পাঁচ-ছয়জনকে অজ্ঞাত আসামি করে বরগুনা থানায় একটি হত্যা মামলা দায়ের করেন। পরে ১৬ জুলাই ২০১৯ মিনিকে তার বাবার বাড়ি বরগুনা পৌর শহরের নয়াকাটা-মাইঠা এলাকা থেকে পুলিশ লাইনে জিজ্ঞাসাবাদের জন্য নিয়ে যাওয়া হয়। জিজ্ঞাসাবাদ শেষে তাকে গ্রেপ্তার দেখানো হয়। পরদিন ১৭ জুলাই ২০১৯ মিনিকে বরগুনার সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে হাজির করে ৭ দিনের রিমান্ড আবেদন করা হলে বিচারক মোহাম্মদ সিরাজুল ইসলাম গাজী ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন। এরপর কয়েক দফা আবেদন জানালেও নিম্ন আদালত মিনিকে জামিন দেননি। পরে জামিন চেয়ে হাইকোর্টে আবেদন করেন তিনি।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা, কমিউনিকেশন স্পেশালিস্ট, ব্লাস্ট

ফোন: ০১৭১২১৪৬৯৪২

E- mail : asma@blast.org.bd